

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
তাল, সাতক্ষীরা।
fisheries.tala.satkhira.gov.bd

স্মারক নং- ৩৩.০২.৮৭৯০.৫০১.১৬.০০৩.২৫.০৫

তারিখ: ০৬/০১/২০২৬ খ্রি.

নোটিশ

এতদ্বারা উপজেলার সকল মৎস্যচাষী, মৎস্য ব্যবসায়ী ও জনসাধারণকে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন, ঢাকা, বাংলাদেশ এর পত্র নং: ০০.০১.০০০০.১০১.০৪.০০৩.২৩.২০৩৮৫, তারিখঃ ০২/০৬/২০২৪ খ্রি. অনুযায়ী দুর্নীতির সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের মৎস্যচাষ ও মৎস্য ব্যবসা সংক্রান্ত উদ্ধৃতি ও প্রত্যয়নপত্র দাখিলের প্রবণতা লক্ষ্য করা যায়। এই হীনস্বার্থ চরিতার্থ করার জন্য তারা প্রায়ই জেলা/সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মাছ চাষের প্রত্যয়নপত্র আয়কর রিটার্ন ও দুদক কার্যালয়ে দাখিল করে থাকেন, যা অধিকাংশ ক্ষেত্রে ভুয়া ও অসম্পূর্ণ।

এমতাবস্থায় প্রকৃত মৎস্যজীবীদের স্বার্থ রক্ষার্থে ও সরকারের রাজস্ব আদায়ে প্রতিবন্ধকতা দূর করতে অত্র দপ্তর থেকে প্রকৃত মৎস্যচাষী প্রত্যয়ন প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত কাগজপত্র ও প্রমাণাদি দাখিল করতে দুর্নীতি দমন কমিশন, ঢাকা, বাংলাদেশ নির্দেশনা প্রদান করেছেন।

১. পুকুর বা জলাশয়ের মালিকানা দলিলের সত্যায়িত ফটোকপি- ০২ কপি।
২. রেকর্ড এর সত্যায়িত ফটোকপি- ০২ কপি।
৩. মৌজা ম্যাপ এর সত্যায়িত ফটোকপি- ০২ কপি।
৪. লিজ দলিল (লিজ পুকুর। জলাশয়ের ক্ষেত্রে)- ০২ কপি।
৫. জমির পরিমাণ, মৌজার নাম ও দাগ নম্বর উল্লেখপূর্বক নিজ ঘোষণাপত্র- ০২ কপি।
৬. স্থানীয় ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মাছ চাষের জমির পরিমাণ উল্লেখপূর্বক প্রত্যয়ন পত্র (মূল কপি)।
৭. সত্যায়িত জাতীয় পরিচয়পত্র- ০১ কপি।
৮. স্বাক্ষরসহ প্রত্যয়নপত্র পাওয়ার জন্য আবেদনপত্র- ০১ কপি।

উল্লিখিত কাগজপত্রসমূহ সংশ্লিষ্ট ভূমি অফিস কর্তৃক সত্যতা যাচাই এবং সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তায় কার্যালয় কর্তৃক মাছ চাষের পুকুরসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক প্রত্যয়ন পত্র প্রদান করা হবে।


০৬/০১/২০২৬

(মোঃ তারিক ইমাম)

পরিচিতি নং- ০০৮৫৫

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার

তাল, সাতক্ষীরা

মোবাঃ ০১৭৬৯-৪৫৯৪৬৬

ই-মেইলঃ sufotala@fisheries.gov.bd